

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
ভূমি অধিগ্রহণ শাখা
[ধারা ৭ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]
এল,এ কেস নম্বর-০১/২০২১-২২

জারি নম্বর: ২২২

তারিখ: ০৫/০৬/২০২১

নোটিশ

- প্রাপক : ০১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
০২। নোটিশ বোর্ড, উপজেলা ভূমি অফিস, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৩। নোটিশ বোর্ড, নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
০৪। নোটিশ বোর্ড, ইউনিয়ন ভূমি অফিস, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৫। মৌজার প্রকাশ্য স্থানে জারি

এতদ্বারা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৭ ধারা মোতাবেক নোটিশ প্রদান করা যাইতেছে যে, সরকার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সম্পত্তি “ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড (নেসকো) এর আওতাধীন রাজশাহী বিভাগ বিদ্যুৎ বিতরণ লাইন ও ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিবার এবং উহার দখল গ্রহণ করিতে মনস্থ করিয়াছেন।

অতএব, উক্ত সম্পত্তির মালিক/দখলদার/স্বার্থবান ব্যক্তিগণকে এতদ্বারা অনুরোধ জানান যাইতেছে যে, তাহারা যেন ব্যক্তিগতভাবে অথবা তাহাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ০৫/০৬/২০২১ তারিখে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ভূমি অধিগ্রহণ অফিসে/স্থানে/নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থিত হইয়া,
ক. উক্ত সম্পত্তিতে তাহার/তাহাদের স্বার্থের প্রকৃতি এবং উক্ত রূপ স্বার্থের ভিত্তিসহ দাবির পূর্ণ বিবরণ প্রদান করবেন এবং
খ. উক্ত সম্পত্তির বা উহার কোন অংশের অংশীদার লীজহীতা বা অন্য কেহ উহাতে স্বার্থবান হইলে বা উক্ত সম্পত্তি বাবদ তাহারা কেহ কোন স্বার্থ বা লভ্যাংশ লাভ করিয়া থাকিলে উহার প্রকৃতি সম্পর্কে যতদূর সম্ভব বিবৃতি প্রদান করিবেন অথবা লিখিত বিবৃতি পেশ করিবেন।
গ. শুনানীকালে প্রদর্শনের জন্য সকল দলিলাদি/কাগজপত্র সংগে আনিবেন ;


তফসিল

জেলা : চাঁপাইনবাবগঞ্জ, থানা/উপজেলা : চাঁপাইনবাবগঞ্জ সদর, মৌজা : নাচোল, জে এল নং ১৪৭

ক্রমিক নং	খতিয়ান নং	দাগ নং	জমির শ্রেণি	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে)	মন্তব্য
১	১৭০	১০৯৯ ১১০০ ১১২৩	কান্দর ডাঙ্গা ডাঙ্গা	০.৭৪০২ ০.০৩০০ ০.২২৯৮ ১.০০০০	

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/ স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

- ১। নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রাপ্তদের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন।
- ২। অনলাইন আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.chapainawbganj.gov.bd ভিজিট করুন।


(রওশন জাহান)
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ